

সম্পাদকীয়:

করোনাকালে কর্মতৎপর রয়েছেন সুজন-এর বন্ধুরা। সারাদেশে ছড়িয়ে-ছিটিয়ে করোনাভাইরাস মোকাবেলায় বিভিন্নমুখী উদ্যোগে সামিল হয়েছেন তাঁরা। জনসচেতনতা বৃদ্ধিতে বিভিন্ন কৌশল প্রয়োগ, প্রতিরোধ সামগ্রী বিতরণ, অসহায়-দরিদ্র মানুষদের সহায়তা প্রদান, সবই করছেন তাঁরা। তাঁদের এই উদ্যোগগুলো নিয়েই প্রকাশিত হলো সুজন ই-নিউজ লেটার, উনত্রিশতম সংখ্যা।

এলাকাবাসীকে নিরাপত্তার চাঁদরে মুড়িয়ে রেখেছেন সন্তোষ দত্ত



টাঙ্গাইলের ভূঞাপুর উপজেলার ফলদা ইউনিয়নের ফলদা গ্রামের সন্তোষ কুমার দত্ত ভূঞাপুর উপজেলা সুজন-এর সাধারণ সম্পাদক। ফলদা শরীফুল্লাহা বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক তিনি। এছাড়াও তিনি দি হাস্কার প্রজেক্ট-এর পিস অ্যাড্বাইসেডর ও গোপালপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক। তবে সকল পরিচয়কে ছাপিয়ে তিনি একজন সমাজসেবক – এলাকার মানুষের বিপদের বন্ধু।

করোনাভাইরাসের প্রাদুর্ভাবের পর থেকেই এলাকাসীকে নিরাপদে রাখার জন্য তৎপর তিনি। বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা মোতাবেক নিরাপদ শারীরিক দূরত্ব বজায় রাখা, নিয়ম মেনে হাত ধোয়া, প্রয়োজন ছাড়া ঘরের বাইরে না যাওয়া, এলাকার বাইরে থেকে বিশেষ করে বিদেশ এবং ঢাকা ও নারায়ণগঞ্জ থেকে কেউ আসলে তাদের কোয়ারান্টাইন নিশ্চিত করার কাজগুলো অত্যন্ত নিবেদিত ভাবে পালন সম্পন্ন করেন তিনি। তিনি মোট ২৮ টি পরিবারের কোয়ারান্টাইন নিশ্চিত করেন এবং তাদের করোনা পরীক্ষার জন্য স্যাম্পল-সংগ্রহ ক্যাম্পের আয়োজন করেন। উপজেলা প্রশাসন বিশেষ করে উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয় করে তিনি স্বাস্থ্যবিধি মেনে চলা এবং লকডাউন সংক্রান্ত সরকারি নির্দেশনা কার্যকর করার লক্ষ্যে সমগ্র উপজেলায় কাজ করেন।

এছাড়াও সন্তোষ দত্তের গুরুত্বপূর্ণ কতগুলো উদ্যোগ ছিল। প্রথমত তাঁর উদ্যোগে স্থানীয় প্রশাসনের সম্মতি সাপেক্ষে স্থানীয় জনপ্রতিনিধি এবং রাজনৈতিক ও সামাজিক নেতৃবৃন্দকে সাথে নিয়ে ফলদা বাজারকে ঘিরে হাই স্কুল মাঠে সরিয়ে নেওয়া হয়; কেননা পূর্ববর্তী স্থানে ৬০০০ জনসংখ্যা অধ্যুষিত বাজারটিতে লোক সমাগম বেশি হওয়ায় কোনোভাবেই শারীরিক দূরত্ব নিয়ন্ত্রণ করা সম্ভব যাচ্ছিল না। দ্বিতীয়ত তিনি উপজেলা প্রশাসনের সাথে এডভোকেসি করে টিসিবি'র খাদ্যপণ্য স্বল্পমূল্যে ফলদা এলাকা পর্যন্ত বিপণনের সুযোগ সৃষ্টি করেন। টিসিবি'র খাদ্যপণ্য সাধারণত শরীরধ্বংসের আভাবগ্রস্ত মানুষের জন্য বিপণন করা হয়ে থাকে; যা তাঁর প্রচেষ্টায় গ্রামাঞ্চল (ফলদা) পর্যন্ত বিস্তৃত হয়েছে এবং দরিদ্র জনগোষ্ঠী উপকৃত হয়েছে। তৃতীয়ত নিজ বিদ্যালয়ে বুথ স্থাপন করে এলাকাবাসীকে বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা করে দিয়েছেন তিনি। করোনা মহামারির মধ্যে ব্যাংকে গিয়ে দীর্ঘক্ষণ লাইনে দাঁড়িয়ে বিদ্যুৎবিল পরিশোধ করার বিষয়টি ছিল অত্যন্ত ঝুঁকিপূর্ণ ছিল। তিনি ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ডিজিএম এর সাথে কথা বলে এই অসাধ্য সাধন করেন। চতুর্থত এই দুঃসময়ে কর্মহীন অসহায় মানুষদের খাদ্যসহায়তা প্রদানের উদ্যোগ গ্রহণ করেন তিনি। এ ব্যাপারে তিনি বিভিন্ন অনলাইন গ্রুপ, বিভিন্ন সংগঠন, বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজন ও শুভানুধ্যায়ীদের সহযোগিতায় তহবিল গড়ে তুলে ২৭১ টি পরিবারের মধ্যে খাদ্যসহায়তা প্রদান করেন। বিতরণকৃত খাদ্যসামগ্রীর মধ্যে ছিল চাল ১০ কেজি, আলু ২ কেজি, পিঁয়াজ ১ কেজি ও তেল ১ লিটার। সাথে ছিল একটি সাবান। এছাড়াও তিনি ৩০,০০০ টাকার আরেকটি তহবিল প্রস্তুত রেখেছেন যারা এখনো কোন সহযোগিতা পায়নি তাদেরকে সহযোগিতা করার জন্য। খাদ্যসহায়তা প্রদানের কাজে সার্বিক সহায়তা প্রদানের জন্য তিনি ইব্রাহীম খাঁর আলোকিত ভূঞাপুর অনলাইন গ্রুপের প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন। আর সন্তোষ দত্তের কর্মতৎপরতায় কৃতজ্ঞতা প্রকাশের পাশাপাশি উপজেলা নির্বাহী অফিসার মন্তব্য করেছেন 'সন্তোষ দত্তের মতো একজন দক্ষ ও মানবিক মানুষ থাকলে, সেখানে প্রশাসনের কোনো দরকার হয় না।'

এভাবেই বহুমুখী কর্মতৎপরতায় ফলদাবাসীকে নিরাপত্তার চাঁদরে মুড়িয়ে রেখেছেন সন্তোষ দত্ত।

নরসিংদীর মাধবদীতে মসজিদে সুজন-এর প্রচারণা



নরসিংদীর মাধবদী পৌর এলাকার কাশিপুর বায়তুল মামুর জামে মসজিদে করোনা মহামারি থেকে সতর্ক থাকার জন্য সচেতনতামূলক এক সভা অনুষ্ঠিত হয়েছে। সুজন-মাধবদী শাখার উদ্যোগে ৮ জুন ২০২০, সোমবার যোহরের নামাজের পরে এ সভা অনুষ্ঠিত হয়।

এ সময় সামাজিক দূরত্ব বজায় রেখে মসজিদের ভেতর উপস্থিত মুসল্লিদের উদ্দেশ্যে করোনা মহামারী থেকে কিভাবে নিরাপদে থেকে সুস্থ জীবন যাপন করা যাবে এ নিয়ে বক্তব্য রাখেন সুজন-মাধবদী শাখার সভাপতি মকবুল হোসেন কমিশনার, সাধারণ সম্পাদক মোঃ আল আমিন, নরসিংদী জেলা কমিটির সদস্য সাংবাদিক এমদাদুল ইসলাম খোকন। এসময় আরো উপস্থিত ছিলেন মসজিদের ইমাম মাহমুদ হোসেন, মুয়াজ্জিন হাফেজ আবু বকর, হাজী জামাল, মোঃ সেলিম, আবু সায়েম সহ অনেকে।

আলোচনাকালে নেতৃবৃন্দ বলেন, আপনারা কোন ধরনের কুসংস্কার ও অপপ্রচারে কান দিবেন না। যারা কুসংস্কারাচ্ছন্ন হয়ে অপপ্রচার চালাচ্ছেন তাদেরকে সামাজিকভাবে প্রতিহত করবেন।

হবিগঞ্জে মাস্ক বিতরণ ও জনসচেতনতামূলক প্রচারণা



করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সুজন-হবিগঞ্জ জেলা কমিটির উদ্যোগে ১৬ জুন ২০২০-এ, ধুলিয়াখাল ও রায়ধর বাজারে মাস্কবিহীন পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করা হয় এবং যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে চলার ব্যাপারে সচেতন করা হয়। সংগঠনটির হবিগঞ্জ জেলা কমিটির সাধারণ সম্পাদক চৌধুরী মিজবাহ উল বারী লিটনের নেতৃত্বে পরিচালিত এই কার্যক্রমে আরও উপস্থিত ছিলেন, জেলা কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক মীর দুলাল, বিশিষ্ট সাংবাদিক আব্দুল কাদির কাজল, আব্দুল জলিল প্রমুখ। এছাড়াও সচেতন নাগরিক কমিটির যুগ্ম আহবায়ক তপন গোপ, সদস্য সচিব আশরাফ উদ্দিন অনিক, সুজন-হবিগঞ্জ পৌর শাখার সভাপতি তোফাজ্জল হোসেন সাধারণ সম্পাদক রুপজ আহমেদ, সাংগঠনিক সম্পাদক মহসিন আহমেদ, মোতালিব তালুকদার দুলাল, মোঃ সোহেল মিয়া, তাপস রায়, বিধান রায়, নিতেশ গোপ, পুলক রায়, মুকলিছ মিয়া প্রমুখ উপস্থিত ছিলেন।